

# তিস্তা ইউনিভার্সিটি

## রংপুর

### শিক্ষার্থীদের আর্থিক সুবিধা প্রদান সম্পর্কিত নীতিমালা (প্রস্তাবিত)

(স্প্রিং ২০২৪ সেশন থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আর্থিক সুবিধা সম্পর্কিত শর্তাবলী)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো জানানো যাচ্ছে যে, তিস্তা ইউনিভার্সিটিতে স্প্রিং- ২০২৪ সেশন থেকে নতুন ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ক্ষেত্রে বিভিন্ন কোটায় আর্থিক ছাড়ের পরিমাণ এবং পরবর্তী সেমিস্টারগুলোতে ছাড় অব্যাহত রাখার জন্য সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ ফলাফল থাকতে হবে:

- ক) এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির সময় প্রথম সেমিস্টারে টিউশন ফি-এর ২৫% ছাড় পাবে। এ সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সকল বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.৬০** হতে হবে।
- খ) এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষা মিলে মোট জিপিএ ৯ বা তদূর্ধ্ব প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির সময় প্রথম সেমিস্টারে টিউশন ফি-এর ১০% ছাড় পাবে। এ সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সকল বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.৬০** হতে হবে।
- গ) ২য় সেমিস্টার থেকে প্রতি সেমিস্টারে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফলের মোধাক্রমানুসারে প্রতি বিভাগে ১০% শিক্ষার্থী টিউশন ফি-এর ২৫% ছাড় পাবে। এক্ষেত্রে সকল বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.৬০** হতে হবে।
- ঘ) মোট শিক্ষার্থীর ৩% দরিদ্র ও মেধাবী হিসেবে (আবেদনের প্রেক্ষিতে) আর্থিক সুবিধা (সর্বোচ্চ ৫০%) পাবে। পরবর্তী সেমিস্টারগুলোতে শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থার উপর ভিত্তি করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না। এক্ষেত্রে সকল বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.৬০** হতে হবে।
- ঙ) মোট শিক্ষার্থীর ৩% মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে বিনা বেতনে (টিউশন ফি-এর ১০০% ছাড়) অধ্যয়নের সুবিধা পাবে। এই সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.৬০** হতে হবে।
- চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থী ভর্তির সময় টিউশন ফি-এর ২৫% ছাড় পাবে। এই সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.০০** হতে হবে।
- ছ) সহোদয় উভয়ে একই সাথে তিস্তা ইউনিভার্সিটির শিক্ষার্থী হলে যেকোন একজন টিউশন ফি-এর ৫০% ছাড় পাবে। এই সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সেমিস্টার পরীক্ষার ফলাফল **ন্যূনতম জিপিএ ৩.০০** হতে হবে।
- ‘ঙ’ ‘চ’ ও ‘ছ’ ধারার সুবিধা পাওয়ার জন্য ভর্তির সময় সংশ্লিষ্ট সনদসহ আবেদন করতে হবে।

#### বিঃদ্র:

- ❖ কোন শিক্ষার্থী সেমিস্টার পরীক্ষায় কোন বিষয়ে F গ্রেড পেলে বা বহিস্কৃত হলে শুধু পরবর্তী সেমিস্টারে কোন আর্থিক সুবিধা পাবে না।
- ❖ কোন শিক্ষার্থী একই সাথে একাধিক ছাড়ের সুবিধা পাবে না। একাধিক সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে যেকোন একটি সুবিধা (আর্থিক বিবেচনায় যেটি বেশি শুধুমাত্র সেটি) প্রাপ্ত হবে।

#### বিশেষ স্কলারশিপ

- **A & I Scholarship:** এই স্কলারশিপের মাধ্যমে আবেদনের পরিপ্রেক্ষিতে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মধ্য থেকে প্রতি সেমিস্টারে মোট ১০ (দশ) জনকে বিভিন্ন পরিসরে আর্থিক সহায়তা প্রদান করা হবে।